

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর  
হাকিমপুর, দিনাজপুর।  
[www.dls.hakimpur.gov.bd](http://www.dls.hakimpur.gov.bd)

তারিখঃ ০১/০৮/২০১৯ খ্রিস্টাব্দ

স্মারক নং-৩৩.০১.২৭৪৭.০০০.০০.০০১.১৯.৪২০

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নে খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য নির্ধারিত ইউনিয়নে প্রাথমিকভাবে ০৩ (তিন) জনের একটি তালিকা আগ্রহী প্রার্থীদের মধ্য হতে নির্বাচন করে প্রকল্প পরিচালক, লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা বরাবর প্রেরণ করা হবে। পরবর্তীতে উক্ত তালিকার মধ্য থেকে র‍্যান্ডম পদ্ধতিতে প্রকল্প পরিচালক নির্ধারিত ইউনিয়নের জন্য ০১ (এক) জন করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service Provider (LSP) চূড়ান্তভাবে নির্বাচন করবেন। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের আগামী ১৪/০৮/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে “প্রকল্প পরিচালক”, লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা বরাবর স্বহস্তে লিখিত দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত অনুলিপিসহ জমাদানের জন্য অনুরোধ করা হলো।

যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

১. সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
৩. পুরুষ বা নারী উভয়েই এলএসপি হিসেবে আবেদন করতে পারবেন।
৪. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৫. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাস হতে হবে। বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
৭. কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
৮. অন্যকোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের/এনএটিপি প্রকল্পের সীল/অধিদপ্তরের প্রশিক্ষিত এআই টেকনিশিয়ান/বেসরকারী প্রতিষ্ঠানের এআই টেকনিশিয়ান গণের আবেদন গ্রহণ করা হবে না।

যা জমা দিতে হবে :

১. লিগাল সাইজ কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত।
২. সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজ ছবির সত্যায়িত কপি।
৩. সকল শিক্ষাগত ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
৪. নাগরিকত্ব, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

স্বাক্ষরঃ

(ডাঃ মোঃ আব্দুস সামাদ)  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
হাকিমপুর, দিনাজপুর।  
ফোনঃ ০৫৩২৯-৭৫০১৬

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো :

১. উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর।
২. উপজেলা কৃষি অফিসার, হাকিমপুর, দিনাজপুর।
৩. উপজেলা যুব উন্নয়ন অফিসার, হাকিমপুর, দিনাজপুর।

অনুলিপি সদয় ত্রাতার্থে :

১. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিনাজপুর।
২. নোটিশ বোর্ড।
৩. অফিস কপি।

(ডাঃ মোঃ আব্দুস সামাদ)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
হাকিমপুর, দিনাজপুর।